# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 29 June, 2025

চাঁপাইনবাবগঞ্জের ভোলাহাট উপজেলার সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক শাহনাজ খাতুনকে আটক করেছে পুলিশ।

শনিবার (২৮ জুন) রাতে উপজেলার মেডিকেল মোড় ছাইতনতলা এলাকা থেকে তাঁকে আটক করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন চাঁপাইনবাবগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার এ এন এম ওয়াসিম ফিরোজ।

হত্যাচেষ্টার মামলায় জড়িত থাকার অভিযোগ

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, ২৩ জুন চরধরমপুর মিস্ত্রিপাড়া এলাকায় পারিবারিক কলহের জেরে তাজকেরা খাতুন তার স্বামী সাইবুর রহমানের (৪৪) শরীরে গরম ডাল ঢেলে দেন, এতে সাইবুর গুরুতরভাবে দগ্ধ হন।

ঘটনার তদন্তে জানা যায়, এই ঘটনায় উসকানিদাতার ভূমিকা পালন করেছিলেন শাহনাজ খাতুন। অতিরিক্ত পুলিশ সুপার বলেন,

“গরম ডাল দিয়ে স্বামীর শরীর ঝলসে দেওয়ার ঘটনায় দায়ের হওয়া হত্যাচেষ্টার মামলায় শাহনাজ খাতুনের সংশ্লিষ্টতা পাওয়া গেছে।অভিযোগের ভিত্তিতে তাঁকে আটক করা হয়েছে।”

রাজনৈতিক পরিচয়

আটক শাহনাজ খাতুন ভোলাহাট উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক এবং সাবেক

মহিলা ভাইস চেয়ারম্যান ছিলেন।

এ ঘটনায় তদন্ত অব্যাহত রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

বিএনপি আটক হনাজ খাতুন ভোলা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 23:45

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073888